# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

প্রশাসন বিভাগ
সাধারণ শাখা
www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৩-১৩৮৫ তারিখ ঃ ২১/১১/২০২৩ খ্রি.

## মানিকগঞ্জ পৌরসভার পৌর পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী ঃ-

| | | |
|---|---|---|
| সভার নম্বর | ঃ | ৩৬ (ছত্রিশ) |
| সভাপতি | ঃ | জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা |
| তারিখ | ঃ | ২০ নভেম্বর, ২০২৩ খ্রি. |
| বার | ঃ | রোজ সোমবার |
| সময় | ঃ | ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | মানিকগঞ্জ পৌরসভার সভা কক্ষ |

**সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ঃ**

০১। জনাব নাজমা আকতার, কাউন্সিলর, ০১নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০২। জনাব রাজিয়া সুলতানা, কাউন্সিলর, ০২নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৩। জনাব জেসমিন আক্তার, কাউন্সিলর, ০৩নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৪। জনাব আবুল কালাম আজাদ, কাউন্সিলর, ০১নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৫। জনাব মোঃ নুরুল ইসলাম, কাউন্সিলর, ০২নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৬। জনাব মোঃ তছলিম মিয়া, কাউন্সিলর, ০৩নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৭। জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাস, কাউন্সিলর, ০৪নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৮। জনাব আব্দুর রাজ্জাক, কাউন্সিলর, ০৫নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৯। জনাব শায়েখ শিবলী, কাউন্সিলর, ০৬নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১০। জনাব মোঃ কবির হোসেন, কাউন্সিলর, ০৭নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১১। জনাব আবু মোঃ নাহিদ, কাউন্সিলর, ০৮নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১২। জনাব উজ্জল হোসেন, কাউন্সিলর, ০৯নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

সভার প্রারম্ভে মেয়র সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দদেরকে স্বাগত এবং শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকল সদস্যদেরকে পর্যায়ক্রমে গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্য অনুরোধ করেন এবং পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমানকে অদ্যকার সভার আলোচ্য সূচী উপস্থাপন পূর্বক সভার পরবর্তী কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান।

আলোচ্য সুচি-০১ ঃ **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ-**

**আলোচনা** ঃ সভায় মেয়র কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমান পূর্ববর্তী ২৩/১০/২০২৩ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। মেয়র সভাকে জানান যে, পূর্ববর্তী ৩৫তম সাধারণ সভায় বিবিধ-২ এ ২০২৩-২০২৪ অর্থ বৎসরের প্রস্তাবিত

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

বাজেট মোতাবেক নভেম্বর ২০২৩ খ্রি. হতে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সদস্যদের যাতায়াত/আপ্যায়ন ভাতা ও বিভিন্ন কমিটির সদস্যদের যাতায়াত/আপ্যায়ন ভাতা ৫০০/- (পাঁচশত) টাকার স্থলে বৃদ্ধি পূর্বক ৭০০/- (সাতশত) টাকা করার সিদ্ধান্ত গৃহিত হয়েছিল। যা সংশোধন করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে ৩৫তম সাধারণ সভার বিবিধ-২ সিদ্ধান্তের আলোকে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সদস্যদের যাতায়াত/আপ্যায়নের ধার্য্যকৃত নির্ধারিত ভাতা ৭০০/- (সাতশত) টাকা ঠিক রেখে অন্যান্য বিভিন্ন কমিটির যাতায়াত/আপ্যায়ন ভাতা ৭০০/- (সাতশত) টাকার স্থলে কমিয়ে ৫০০/- (পাঁচশত) টাকা ধার্য্য করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

আলোচ্য সূচি-০২ ঃ **রাজস্ব আয় বৃদ্ধি সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

আলোচনা ঃ রাজস্ব আয় বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে উপস্থিত কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে রাজস্ব আয় বৃদ্ধির নতুন নতুন খাত উদ্ভাবনের তাগিদ দেন এবং পুরাতন খাতগুলির মধ্যে যে সকল খাতে আয় বৃদ্ধির সম্ভাবনা আছে সে সকল খাত হতে আয় বৃদ্ধির পথ উদ্ভাবন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে রাজস্ব আয় বৃদ্ধির জন্য নতুন নতুন খাত তৈরি সহ পুরাতন খাত গুলির মধ্য হতে আয় বৃদ্ধির পথ খুঁজে আয় বৃদ্ধির সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

আলোচ্য সূচি-৩ ঃ **উন্নয়ন প্রকল্প গ্রহণ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত ঃ-**

**আলোচনা** ঃ উন্নয়ন খাতে প্রকল্প গ্রহণের বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক উন্নয়ন সহায়তা হিসেবে ৭৬,০০,০০০/- (ছিয়াত্তর লক্ষ) টাকা পাওয়ার সম্ভবনা রয়েছে। বিগত অর্থ বৎসরের অবশিষ্ট অর্থ নেই। তৎপরিপ্রেক্ষিতে উল্লেখিত টাকার মধ্যে প্রকল্প গ্রহণ করতে হবে। তিনি আরো জানান ২০২২-২০২৩ অর্থ বৎসরে রাজস্ব খাতে সমাপনী জের হিসেবে যত টাকা উদ্বৃত্ত ছিল সে টাকার সম্পূর্ণ অর্থই টেন্ডার আহ্বান করা হয়েছে। বিগত বছরের কোন অর্থ অবশিষ্ট নেই। এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে জন গুরুত্বপূর্ণ প্রকল্প সমূহ আগামী পৌর পরিষদের সাধারণ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হলো।

আলোচ্য সূচি-৪ ঃ **ডেঙ্গু নিয়ন্ত্রণ বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত ঃ-**

**আলোচনা** ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, ডেঙ্গু সহ অন্যান্য রোগ প্রতিরোধ কল্পে জাতীয় কমিটির সুপারিশ ও নির্দেশনা মোতাবেক ২০২৪ সনের জানুয়ারি হতে ডিসেম্বর পর্যন্ত খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। খসড়া প্রস্তুত কৃত কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়। কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রম সকলকে পড়ে শোনানো হয়। শ্রবণকৃত কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ২০২৪ সনের জানুয়ারি হতে ডিসেম্বর পর্যন্ত প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য মেয়র ও কাউন্সিলরগণ সহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় দায়িত্ব পালনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

আলোচ্য সূচি-৫ ঃ **জন্ম নিবন্ধন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

**আলোচনা** ঃ সভায় অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, পৌর এলাকার সকল ০-৪৫ দিনের শিশুদের জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করা হয়েছে। ০-৪৫ দিনের মধ্যে সকল শিশুর জন্ম নিবন্ধন নিশ্চিত করার জন্য ইতোপূর্বে বারবার তাগিদপত্র সহ নির্দেশনা প্রদান করা হয়েছে। জন্ম নিবন্ধন অধিদপ্তর কর্তৃক ০-৪৫ দিনের শিশুদের জন্ম নিবন্ধনের টার্গেট নির্ণয় করে দেওয়া হয়েছে। বিগত মাসে টার্গেট অনুযায়ী জন্ম নিবন্ধন না হওয়ায় স্যানেটারী ইন্সপেক্টর জনাব মীর মোঃ জসীম উদ্দীনকে উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মানিকগঞ্জ- ব্যাখ্যা চেয়ে পত্র প্রেরণ করেছেন। যথারিতি প্রাপ্ত পত্রের ব্যাখ্যা প্রদান করা হয়েছে। পত্রটি সভায় উপস্থাপন করা হলে এ বিষয়ে তিনি আরো জানান যে, আগামী মাস হতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক শিশু জন্ম নিবন্ধনের লক্ষমাত্রা আরো বৃদ্ধি করা হয়েছে। এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জানান মানিকগঞ্জ পৌর এলাকায় ভাড়াটিয়া লোকের সংখ্যা প্রায় ৪০% তাই ভাড়াটিয়া লোকজন সাধারণত স্থায়ী ঠিকানায় জন্ম নিবন্ধন করে থাকেন। এ কারনে মানিকগঞ্জ পৌর এলাকার দেওয়া জন্ম নিবন্ধনের টার্গেট বা লক্ষমাত্রা সঠিক নয় বলে ধারণা করা হচ্ছে। তাছাড়া তিনি আরো জানান যে, মানিকগঞ্জ পৌর এলাকায় জন্ম নিয়ন্ত্রণের পদ্ধতির হার বেশি। এ কারনে পৌরসভায় অধিক সন্তান জন্ম গ্রহণ করছে না। এসব কারনে নির্ধারিত সংখ্যক শিশু জন্ম হচ্ছেনা। এ পরিপ্রেক্ষিতে উল্লেখিত রিপোর্টের লক্ষমাত্রা কমানোর জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে জন্ম নিবন্ধন বিষয়ে আরো সচেতন হওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং কাউন্সিলরবৃন্দকে বিভিন্ন উঠান বৈঠক ও বিভিন্ন সভা সমূহে জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করতে হবে সে সম্পর্কে আলোচনা করার সিদ্ধান্ত গৃহিত হলো।

আলোচ্য সূচি-৬ ঃ **মাসিক হিসাব বিবরণী আলোচনা ও স্থিরিকরণ ঃ-**

**আলোচনা** ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা অক্টোবর/২০২৩ মাসের পৌরসভার রাজস্ব খাতে আয় ব্যয়ের হিসাব বিবরণী উপস্থাপন করেন। রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ৪,১৬,০২,৭৯১.৭৯ (চার কোটি ষোল লক্ষ দুই হাজার সাতশত একানব্বই টাকা উনআশি পয়সা) ও ব্যয় হয়েছে ২,৭০,৬০,১১৩.০০ (দুই কোটি সত্তর লক্ষ ষাট হাজার সাতশত চুয়ান্ন পয়সা) মাত্র । সমাপনি জের- ১,৪৫,৪২,৬৭৮.৭৯ (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ বিয়াল্লিশ হাজার ছয়শত আটাত্তর টাকা উনআশি পয়সা মাত্র)। উপস্থাপিত হিসাব বিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় কাউন্সিলরগণ বলেন আপ্যায়ন ও অপ্রত্যাশিত খাতে ব্যয় বৃদ্ধি পেয়েছে যা নিয়ন্ত্রণ করা প্রয়োজন।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত অক্টোবর/২০২৩ মাসের হিসাব বিবরণী অনুমোদন দেয়ার সিদ্ধান্ত গৃহিত হলো এবং আপ্যায়ন ও অপ্রত্যাশিত খাতের ব্যয় কমানোর জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি-৭ ঃ **পৌরসভার বিভিন্ন কমিটির সুপারিশ আলোচনা ও সিদ্ধান্ত ঃ-**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, চলতি মাসে শুধু মাত্র সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। মানিকগঞ্জ পৌরসভার গঠিত শহর সমন্বয় কমিটি (টিএলসিসি), বিভিন্ন ধরণের স্থায়ী কমিটি ও ওয়ার্ড কমিটির সভা অনুষ্ঠিত হলে সভার সিদ্ধান্ত সমূহ পরবর্তী সভায় উপস্থাপন করা হবে। তিনি আরো বলেন সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভায় মানিকগঞ্জ পৌরসভার স্বাস্থ্য শাখার আবেদিত ০৮ (আট) জন চুক্তিভিত্তিক কর্মচারী ০১। মোঃ জহির উদ্দিন, ০২। মরিয়ম আক্তার, ০৩। মোঃ আব্দুল আজিজ, ০৪। রওশন আরা শিউলী, ০৫। মোঃ বজলুর রহমান, ০৬। ইয়াসমিন আক্তার, ০৭। মোঃ আলমগীর হোসেন, ০৮। নূরজাহান বেগমকে সাপ্তাহিক বন্ধের দিনের

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

বেতন প্রদানের বিষয় ও মানিকগঞ্জ পৌরসভার কঞ্জারভেন্সী কর্মী জনাব মোহাম্মদ আব্দুল কাদেরের বেতন দৈনিক ৪১৫/- (চারশত পনেরো) টাকার স্থলে বৃদ্ধি পূর্বক ৪৩৫/- (চারশত পঁয়ত্রিশ) টাকা নির্ধারণের সুপারিশ গৃহীত হয়েছে। মেয়র সভাকে জানান যে, স্বাস্থ্য শাখার আবেদিত চুক্তিভিত্তিক কর্মীরা যেহেতু সরকার কর্তৃক বিভিন্ন জাতীয় প্রোগ্রাম, ভিটামিন এ-ক্যাপসুল খাওয়ানো সহ বিভিন্ন প্রকার টিকাদান কর্মসূচিতে শুক্রবার ও শনিবার বন্ধের দিনেও দায়িত্ব পালন করেন তাই তাদেরকে সরকারি ছুটির দিনের দায়িত্ব পালনের মুজুরী প্রদান করা যেতে পারে এবং মানবিক দিক বিবেচনায় মানিকগঞ্জ পৌরসভার কঞ্জারভেন্সী কর্মী জনাব মোহাম্মদ আব্দুল কাদেরের বেতন দৈনিক ৪১৫/- (চারশত পনেরো) টাকার স্থলে বৃদ্ধি পূর্বক ৪৩৫/- (চারশত পঁয়ত্রিশ) টাকা নির্ধারণের বিষয়ে উপস্থিত কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভার স্বাস্থ্য শাখার আবেদিত চুক্তিভিত্তিক কর্মীদের সরকারি ছুটির দিন সমূহে মুজুরী প্রদানের এবং কঞ্জারভেন্সী কর্মী জনাব মোহাম্মদ আব্দুল কাদেরের বেতন দৈনিক ৪১৫/- (চারশত পনেরো) টাকার স্থলে বৃদ্ধি পূর্বক ৪৩৫/- (চারশত পঁয়ত্রিশ) টাকা নির্ধারণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

<u>আলোচ্য সূচি-৮</u> ঃ **<u>মাননীয় মন্ত্রী জনাব আলহাজ্ব জাহিদ মালেক স্বপন, এমপি মহোদয়-কে সম্মর্ধনা প্রদান অনুষ্ঠান ও উক্ত অনুষ্ঠান উপলক্ষ্যে পরের দিন সাংস্কৃতিক অনুষ্ঠানের খরচ কার্যোত্তর অনুমোদন ঃ-</u>**

<u>আলোচনা</u> ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৌহিত্র, সফল রাষ্ট্রনায়ক মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সুযোগ্য কন্যা আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন অটিজম ও মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ সায়মা ওয়াজেদ বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের রিজিওনাল ডাইরেক্টর (আরডি) নির্বাচিত হয়েছেন। স্বাস্থ্য খাতে এই অভুতপূর্ব সাফল্যের অংশীদার হওয়ায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী জনাব আলহাজ্ব জাহিদ মালেক স্বপন, এমপি মহোদয়-কে গত ১১/১১/২০২৩ খ্রি. তারিখ রোজ শনিবার দুপুর ২.৩০ ঘটিকার সময় সরকারী উচ্চ বিদ্যালয়ে মাঠে (বিজয় মেলার মাঠে) সংবর্ধনা দেওয়া হয় এবং সবংর্ধনা অনুষ্ঠানের পরের দিন উক্ত সংবর্ধনা অনুষ্ঠান উপলক্ষে বাংলাদেশের বিশিষ্ট বাউল শিল্পীদের সমন্বয়ে মানিকগঞ্জ পৌরসভা হতে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত সম্মর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপলক্ষে বিভিন্ন খরচ হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর মাননীয় মন্ত্রী জনাব আলহাজ্ব জাহিদ মালেক স্বপন, এমপি মহোদয়ের সম্মর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের খরচ বাবদ ১,৪৮,৯৩০/- (এক লক্ষ আটচল্লিশ হাজার নয়শত ত্রিশ) টাকার বিল কার্যোত্তর অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

<u>আলোচ্য সূচি-৯</u> ঃ **<u>বাংলাদেশ সরকার ADB & AFD সহায়তায় বাস্তবায়নাধীন "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প " IUGIP) এর আওতাভুক্ত হিসেবে মানিকগঞ্জ পৌরসভার ISS ,UGIS, ESSIS এর দায়িত্ব প্রদান বিষয়ে আলোচনা ঃ-</u>**

<u>আলোচনা</u> ঃ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর "নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প" (IUGIP) আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭ এর স্মারক নং- ৪৬.০২.০০০০. ৭৯৬.১৪.৯৫.২০২৩/২৭০(৮৮) তারিখঃ ৩০/০৭/২০২৩ খ্রি. পত্রটি পৌর নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থাপন করেন। তিনি বলেন প্রাপ্ত পত্রের নির্দেশনা মোতাবেক ISS, UGIS, ESSIS এর দায়িত্ব



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

প্রদানের অফিস আদেশ প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর হতে প্রাপ্ত পত্রের নির্দেশনা মোতাবেক মানিকগঞ্জ পৌরসভার ৩টি বিভাগে কর্মরত প্রধান ও অন্যান্য কর্মকর্তাগণের সমন্বয়ে ISS, UGIS, ESSIS এর গঠিত কমিটির দায়িত্ব প্রাপ্তগণ তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

আলোচ্য সূচি-১০ ঃ **GESIAP & PRAP- এর সুপারিশ সংক্রান্ত আলোচনা ঃ-**

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, IUGIP প্রকল্পের ক্রাইটেরিয়া অনুযায়ী GESIAP & PRAP যথাযথ ভাবে গঠণ পূর্বক প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে। IUGIP প্রকল্পের নির্দেশনা মোতাবেক রাজস্ব বাজেটের ১% অর্থ GESIAP & PRAP বরাদ্দ রাখার নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট প্রস্তুত করা হয়েছে। কিন্তু প্রকল্পের ক্রাইটেরিয়া অনুযায়ী ১% অর্থ বরাদ্দ রাখা হয়নি। প্রকল্পের নিয়ম অনুযায়ী ১% অর্থ বরাদ্দ রাখা বাধ্যতা মূলক হওয়ায় বাজেটে বরাদ্দ বৃদ্ধি পূর্বক ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার স্থলে ৪৩,৬০,০০০/- (তেতাল্লিশ লক্ষ ষাট হাজার) টাকা বৃদ্ধি করা যেতে পারে। উল্লেখিত বরাদ্দ আগামী সংশোধিত বাজেটে সমন্বয় করা যেতে পারে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে কাউন্সিলরগণ বলেন IUGIP প্রকল্প বাস্তবায়নের স্বার্থে যে কোন পরিবর্তন ও পরিবর্ধন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটে বরাদ্দকৃত জেন্ডার একশন প্ল্যান (গ্যাপ) এবং প্রভার্টি রিডাকশন একশন প্ল্যান (প্রাফ) খাতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা বৃদ্ধি পূর্বক ৪৩,৬০,০০০/- (তেতাল্লিশ লক্ষ ষাট হাজার) টাকা করিয়া বৃদ্ধি করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং সংশোধিত বাজেটে উল্লেখিত বরাদ্দ সমন্বয় করার সিদ্ধান্ত গৃহিত হলো।

আলোচ্য সূচি-১১ ঃ **জেলা আইন শৃঙ্খলা ও উন্নয়ন সমন্বয় কমিটির সুপারিশ পর্যালোচনা ঃ-**

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, জেলা উন্নয়ন সমন্বয় ও আইন শৃঙ্খলা কমিটির বিভিন্ন সভায় মানিকগঞ্জ শহরের বিভিন্ন ভবনের বেজমেন্টের দোকান অপসারণ করার বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়েছে। শহরের বেশির ভাগ ভবন মালিকগণ বেজমেন্টে গাড়ি পার্কিং হিসেবে ব্যবহার না করে দোকান হিসেবে ব্যবহার করছেন। যাহা সম্পূর্ণ ভাবে অবৈধ। বিল্ডিং কোড অনুযায়ী প্ল্যান অনুমোদন করার পর অবস্থান পরিবর্তন করিয়া গ্যারেজের পরিবর্তে বিভিন্ন ভাবে বেজমেন্টে দোকান হিসেবে ব্যবহৃত হচ্ছে। এ প্রেক্ষিতে বেজমেন্টে দোকান পাট সহ বিভিন্ন কার্যক্রম বন্ধ করা প্রয়োজন উল্লেখ করিয়া সিদ্ধান্ত গৃহিত হয়েছে। মানিকগঞ্জ পৌরসভার বাস্তবায়নাধীন সকল উন্নয়ন প্রকল্পের গুনগত মান বজায় রেখে প্রাক্কলন মোতাবেক বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়েছে। পৌর এলাকার বিভিন্ন রাস্তায় ও ফুটপাতে বিভিন্ন ধরনের ব্যবসায়ী ও হকারগণ মালামাল বিক্রি করে থাকেন। যাহা উচ্ছেদের জন্য উন্নয়ন সমন্বয় ও আইন শৃঙ্খলা কমিটির সভায় সিদ্ধান্ত গৃহিত হয়েছে। মানিকগঞ্জ কাঁচা বাজারের পূর্ব পার্শ্বে রাস্তার ধারে এবং ২৫০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতাল গেটের দক্ষিণ পার্শ্বে ময়লা আবর্জনা ফেলে পরিবেশ দুষিত করছে। উক্ত ময়লা আবর্জনা যদিও পৌরসভা হতে দিনে দুইবার অপসারণ করা হয়। তার পরও উক্ত জায়গায় ময়লা না ফেলে অন্যত্র ফেলার ব্যবস্থা করা প্রয়োজন। উপরোল্লেখিত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে জেলা উন্নয়ন সমন্বয় ও আইনশৃঙ্খলা কমিটির সুপারিশ মোতাবেক নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হলো।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

(১) অবৈধ ভাবে ভবনের বেজমেন্টে দোকান ব্যবসা পরিচালনা না করে পার্কিং হিসেবে ব্যবহারের জন্য নির্দেশ ক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

(২) মানিকগঞ্জ পৌরসভার সকল উন্নয়ন প্রকল্প সমূহ প্রাক্কলন মোতাবেক যথাযথ ভাবে নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হলো।

(৩) ফুটপাত ও রাস্তায় অবৈধ ব্যবসা বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা সহ প্রয়োজনে মোবাইল কোর্টের মাধ্যমে অবৈধ ব্যবসায়ী ও হকারদেরকে উচ্ছেদ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

(৪) কাঁচা বাজারের সামনে ময়লা আবর্জনা ফেলার স্থানে পৌরসভার মাধ্যমে অতিদ্রুত সময়ের মধ্যে কনন্টেইনার স্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

আলোচ্য সূচি-১২ ঃ **জেনারেল এ্যাসেসমেন্ট সংক্রান্ত আলোচনা ঃ**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, কর নিরুপণ ও আদায় পদ্ধতি বিধিমালা ২০১৩ এবং আদর্শ কর তফসিল ২০১৪ অনুযায়ী প্রতিটি পৌরসভায় পৌর কর পুনঃ তফসিল করনের জন্য প্রতি ৫ (পাঁচ) বছর অন্তর জেনারেল এ্যাসেসমেন্ট সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে মানিকগঞ্জ পৌরসভার বিগত এ্যাসেসমেন্টের মেয়াদ ২০২৩-২০২৪ পর্যন্ত বলবৎ আছে। ২০২৪-২০২৫ অর্থ বছর হতে এ্যাসেসমেন্ট সম্পন্ন পূর্বক ১লা জুলাই ২০২৪ সন হতে পুনঃ নির্ধারণ করতে হবে। এ প্রেক্ষিতে ২০২৩-২০২৪ অর্থ বছরের জেনারেল এ্যাসেসমেন্টের যাবতীয় কার্যক্রম সম্পন্ন পূর্বক হোল্ডিং কর নির্ধারণ চুড়ান্ত করতে হবে। এ বিষয়ে আরো জানান সরকারের নির্দেশনা অনুযায়ী ইতোমধ্যে পূনঃ কর তফসিল করনের জন্য ফরম ক ও খ এর মাধ্যমে নোটিশ প্রদান পূর্বক হোল্ডিং মালিকদের তথ্য সংগ্রহ করা হচ্ছে। যথাযথ প্রক্রিয়ায় জেনারেল এ্যাসেসমেন্ট কার্যক্রম সম্পন্ন পূর্বক পূনঃকর তফসিল করন কাজটি অনুমোদন প্রয়োজন। এ বিষয়ে কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন। কাউন্সিলরগণ বলেন পৌর কর নির্ধারণ নীতিমালা অনুযায়ী স্বচ্ছ ভাবে কর নির্ধারণ প্রক্রিয়া সম্পন্নের জন্য যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে এবং কার্যক্রম স্বচ্ছতার সহিত সম্পন্ন করতে হবে। যেন কোন বিতর্কের সৃষ্টি না হয়। এ বিষয়ে মেয়র বলেন পৌর কর নির্ধারণে স্বচ্ছতার অভাব দেখা দিলে এবং অনৈতিক কোন বিষয় উদ্ভাবিত হলে পৌর বিধি মোতাবেক শাস্তি ভোগ করতে হবে। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে পৌর কর নিরুপন ও আদায় পদ্ধতি বিধিমালা ২০১৩ ও আদর্শ কর তফসিল ২০১৪ অনুযায়ী যথাযথ প্রক্রিয়া সম্পন্ন পূর্বক জেনারেল এ্যাসেসমেন্ট কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**বিবিধ-০১** ঃ **চুক্তিভিত্তিক কর্মচারী হিসেবে নিয়োগ প্রদান প্রসঙ্গে।**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, জনাব গোবিন্দ নারায়ন সাহা, পিতা- গরিগোপাল সাহা, মাতা- রেনু বালা সাহা, সাং- পূর্ব দাশড়া, মানিকগঞ্জ চুক্তিভিত্তিক কর্মী হিসেবে নিয়োগ চাহিয়া আবেদন করেছেন। আবেদন পত্রে পৌর পরিষদের সকল সদস্যদের স্বাক্ষর রয়েছে। উক্ত আবেদন পত্রটি সভায় উপস্থাপনের জন্য মেয়র নির্দেশনা প্রদান করেছেন। মেয়র মহোদয়ের নির্দেশনা মোতাবেক পৌর নির্বাহী কর্মকর্তা চুক্তিভিত্তিক পরিচ্ছন্নতা কর্মী হিসেবে নিয়োগের আবেদন পত্রটি সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত চুক্তি ভিত্তিক পরিচ্ছন্নতা কর্মী হিসেবে চাকুরীর আবেদন পত্রের বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.২২.০০১.১৭.৬৪৮ তারিখঃ ০৪/০৮/২০২১ খ্রি. স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০২.২১.৬৫৯ তারিখঃ ০৬/০৮/২০২১ খ্রি., স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.১১.১৯.১৯.৬৯৩ তারিখঃ ১৯/০৮/২০২১ খ্রি., স্থানীয় সরকার বিভাগ, পৌর-২ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.৫৮.০০৩.২১-২১ তারিখঃ ২২/০৮/২০২১ এর পত্র সমূহের বিষয়ে



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

উপস্থিত সকলকে অবহিত করেন। তিনি বলেন যে কোন ধরনের নিয়োগ দিতে হলে নিয়ামক কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন। স্থানীয় সরকার মন্ত্রণালয়ের পত্র সমূহের আলোকে চুক্তি ভিত্তিক কর্মী নিয়োগের বিষয়ে মেয়র বলেন, যেহেতু স্থায়ী পদের বিপরীতে কোন নিয়োগ প্রদান করা যাবে না। শুধু মাত্র স্থানীয় চাহিদার আলোকে ০৬(ছয়)টি পদে অর্থাৎ - (সুইপার, সুইপার সুপারভাইজার, কেয়ারটেকার, মৌলভী, পুরোহিত ও ডোম) হিসেবে পৌরসভা কর্তৃক পরিষদ সভায় অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগের অনুমতি রয়েছে। সে প্রেক্ষিতে মানিকগঞ্জ পৌরসভায় জরুরী প্রয়োজনে আবেদিত ব্যক্তিকে কাজ নেই মুজুরি নেই ভিত্তিতে পরিচ্ছন্নতা কর্মী নিয়োগ দেওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌরসভায় লোকবল চাহিদার প্রেক্ষিতে পৌরসভা কর্তৃক নিয়োগ যোগ্য ০৬(ছয়)টি পদের মধ্যে জনাব গোবিন্দ নারায়ন সাহা, পিতা- গরিগোপাল সাহা, মাতা- রেনু বালা সাহা, সাং- পূর্ব দাশড়া, মানিকগঞ্জ-কে কাজ নেই মুজুরী নেই ভিত্তিতে সুইপার/পরিচ্ছন্নতা কর্মী পদে দৈনিক হাজিরা ভিত্তিতে ১লা ডিসেম্বর হতে ০৬ (ছয়) মাসের জন্য নিয়োগ প্রদান করার সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহিত হলো।

বিবিধ-০২ ঃ **বনগ্রাম আবাসিক এলাকায় ডাঃ আব্দুর খালেকের বাসা হতে এ্যাড. মথুর বাবুর বাসা হয়ে কার্তিক বাবুর বাসা পর্যন্ত নতুন রাস্তার নাম করন প্রসঙ্গে।**

আলোচনা ঃ সভায় ০৩নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র-২ সভাকে জানান যে, বনগ্রাম আবাসিক এলাকায় ডাঃ আব্দুর খালেকের বাসা হতে এ্যাড. মথুর বাবুর বাসা হয়ে কার্তিক বাবুর বাসা পর্যন্ত নতুন রাস্তাটির নাম তছলিম-কাজল লেন হিসেবে ঘোষণা করার একটি আবেদন পাওয়া গিয়েছে। আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, পৌরসভার অন্তর্গত বিভিন্ন রাস্তার নাম করন বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক বিধি তৈরী পূর্বক নাম করন করার নির্দেশনা রয়েছে এবং শহীদ বীর মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধাদের নামে বিভিন্ন রাস্তা বা স্থাপনা নাম করন অগ্রাধিকার ভিত্তিতে করার সিদ্ধান্ত রয়েছে। তাই উল্লেখিত রাস্তার নাম করণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ডাঃ আব্দুর খালেকের বাসা হতে এ্যাড. মথুর বাবুর বাসা হয়ে কার্তিক বাবুর বাসা পর্যন্ত নতুন রাস্তাটির নাম তছলিম-কাজল লেন নাম করনের বিষয়ে আরো যাচাইবাছাইয়ের জন্য পৌর পরিষদের আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহিত হলো।

বিবিধ-০৩ ঃ **শাহ খলিলুর রহমান রাস্তা থেকে জয়রা রমজান আলী কলেজ সংলগ্ন লিয়াকত আলী ভান্ডারীর বাড়ী পর্যন্ত রাস্তাটি মাস্তান লিয়াকত আলী ভান্ডারী সড়ক নাম করণ প্রসংগে।**

আলোচনা ঃ সভায় ০৪নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাস সভাকে জানান যে, ৩২, জয়রা এলাকা নিবাসী জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম সজল শাহ খলিলুর রহমান রাস্তা থেকে জয়রা রমজান আলী কলেজ সংলগ্ন লিয়াকত আলী ভান্ডারীর বাড়ী পর্যন্ত রাস্তাটি মাস্তান লিয়াকত আলী ভান্ডারী সড়ক নাম করণ বিষয়ে আবেদন দাখিল করেছেন। উক্ত আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়। উক্ত আবেদন পত্রের বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, পৌরসভার অন্তর্গত বিভিন্ন রাস্তার নাম করন বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক বিধি তৈরী পূর্বক নাম করন করার নির্দেশনা রয়েছে এবং শহীদ বীর মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধাদের নামে বিভিন্ন রাস্তা বা স্থাপনা নাম করন অগ্রাধিকার ভিত্তিতে করার সিদ্ধান্ত রয়েছে। তাই উল্লেখিত রাস্তার নাম করণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে শাহ খলিলুর রহমান রাস্তা থেকে জয়রা রমজান আলী কলেজ সংলগ্ন লিয়াকত আলী ভান্ডারীর বাড়ী পর্যন্ত রাস্তাটি মাস্তান লিয়াকত আলী ভান্ডারী সড়ক নাম করনের বিষয়ে আরো যাচাইবাছাইয়ের জন্য পৌর পরিষদের আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহিত হলো।



মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

**বিবিধ-০৪** ঃ **বায়তুল আমান জামে মসজিদ নির্মাণের জন্য অনুদান প্রদান বিষয়ে আলোচনা**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, বায়তুল আমান জামে মসজিদ, নারাঙ্গাই, মানিকগঞ্জ-এর সাধারণ সম্পাদক জনাব ইঞ্জি. মোহাম্মদ ফারুক হোসেন মসজিদ নির্মাণে অনুদান প্রদানের জন্য একটি আবেদন মেয়র বরাবরে দাখিল করেছেন। আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ পৌর এলাকার নারাঙ্গাই মহল্লায় বায়তুল আমান জামে মসজিদের নির্মাণ কাজে সহায়তার জন্য আর্থিক অনুদান হিসেবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**বিবিধ-০৫** ঃ **কুশেরচর ইসমাইল হোসেন উচ্চ বিদ্যালয়ের মাঠের দক্ষিণাংশে ভাঙ্গা স্থানে মাটি দ্বারা ভরাট কাজের আর্থিক সহায়তা প্রদান প্রসঙ্গে।**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, কুশেরচর ইসমাইল হোসেন উচ্চ বিদ্যালয়ের মাঠের দক্ষিণাংশে ভাঙ্গা স্থানে মাটি দ্বারা ভরাট কাজের আর্থিক সহায়তা প্রদানের জন্য মেয়র বরাবর প্রধান শিক্ষকের স্বাক্ষরিত একটি আবেদন পাওয়া গিয়েছে। উক্ত আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়। মেয়র সভাকে জানান উক্ত রাস্তা দিয়ে কোমলমতি শিক্ষার্থীরা কুশেরচর ইসমাইল হোসেন উচ্চ বিদ্যালয়ে আসা যাওয়া করে। রাস্তাটি মেরামতের জন্য টেন্ডার প্রক্রিয়া বাস্তবায়ন করতে হলে সময়ের প্রয়োজন। তাই রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামতের জন্য আর্থিক অনুদান প্রদান করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে কুশেরচর ইসমাইল হোসেন উচ্চ বিদ্যালয়ের মাঠের দক্ষিণাংশে ভাঙ্গা স্থানে মাটি দ্বারা ভরাট কাজের জন্য স্কুল প্রতিষ্ঠানকে আর্থিক সহায়তা হিসেবে এককালিন ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা অনুদান হিসেবে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।

**বিবিধ-০৬** ঃ **মোছাঃ পারভিনা খাতুন এর আর্থিক সহায়তার আবেদন সংক্রান্ত**

**আলোচনা** ঃ সভায় ০৩নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র-২ সভাকে জানান যে, জনাব মোঃ রমজান আলী, সাং- কোট চাঁদপুর, ঝিনাইদহ- ইমপ্রুভিং আরবান গর্ভানেন্স এন্ড ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্ট (আইইউজিআইপি) প্রকল্পের বিভিন্ন রিপোর্ট তৈরী ও প্রকল্প অফিসে প্রদানের জন্য ফ্যাসিলেটেটর হিসেবে নিয়োজিত ছিলেন। তিন গত ০৩/১১/২০২৩ খ্রি. তারিখ মৃত্যু বরণ করেন। তার পরিবারে উপার্যনের মত কেই নেই। তাই তার স্ত্রী মোছাঃ পারভিনা খাতুন জীবিকা নির্বাহের জন্য সহায়তা চেয়ে মেয়র বরাবরে আবেদন করেছেন। উক্ত আবেদন পত্রটি সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত আবেদন পত্রটি নিয়ে কাউন্সিলরবৃন্দ সভায় বিস্তারিত আলোচনা করেন।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে মানবিক দিক বিবেচনায় আবেদিত মোছাঃ পারভিনা খাতুনের পরিবারের জীবিকা নির্বাহের জন্য এককালীন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অনুদান হিসেবে প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

**বিবিধ-০৭** ঃ **সরকারি ভূমিতে পৌরসভা হতে মার্কেট নির্মাণ সংক্রান্ত আলোচনা ঃ**

**আলোচনা** ঃ ০৫নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র-১ জনাব আব্দুর রাজ্জাক সভাকে অবহিত করেন যে, পূর্বদাশড়া (কাটাখালি) এলাকায় সরকারি ভূমিতে পৌরসভার মাধ্যমে মার্কেট নির্মাণ করে বরাদ্দ প্রদান করা হলে এলাকার উন্নয়ন সহ পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধি পাবে এবং ০৭নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ কবির হোসেন সভাকে জানান যে, তার নির্বাচনী এলাকায় বান্দুটিয়া ব্রীজের পশ্চিম পার্শ্বে সরকারি জায়গায় পৌরসভার মাধ্যমে মার্কেট নির্মাণ করা যেতে পারে। ইতোপূর্বে উল্লেখিত স্থানে পৌরসভার মাধ্যমে মাটি ভরাটের কাজ সম্পন্ন করা হয়েছে। উল্লেখিত বিষয় দুটি নিয়ে কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

<u>সিদ্ধান্ত</u> ঃ বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত স্থান সমূহে মার্কেট নির্মাণ করা যাবে কিনা? তার সম্ভাবতা যাচাই পূর্বক প্রস্তাবিত জায়গার জমির মালিকানা ও প্রস্তাবিত জায়গায় মার্কেট নির্মাণ করা হলে পৌরসভার আর্থিক লাভের বিষয়টি খতিয়ে দেখে মার্কেট নির্মাণের বিষয়ে পৌরসভার বাজার মনিটরিং স্থায়ী কমিটিকে প্রতিবেদন প্রেরণের জন্য দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহিত হলো।

সভায় জনাব শাহিনা পারভীন, উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মানিকগঞ্জ উপস্থিত হন। তিনি উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন সভায় নির্ধারিত এজেন্ডা অনুযায়ী আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। তাছাড়া জনগুরুত্বপূর্ণ ও পৌরসভার লাভজনক নতুন নতুন এজেন্ডা উপস্থাপন করে পৌরসভার বিভিন্ন কমিটির মাধ্যমে পরীক্ষা নিরীক্ষা করে প্রয়োজনীয় যক্তিকতা সহ পৌর পরিষদ সভায় আলোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ করেন। ডেঙ্গু প্রতিরোধে পৌরসভার মাধ্যমে সারা বৎসর মশক নিধনের কর্মপরিকল্পনা অনুযায়ী অভিযান পরিচালনার বিষয়ে গুরত্ব আরোপ করেন।তিনি আরো বলেন, পৌর এলাকার সরকারী খাস জমি ব্যবহারের জন্য প্রয়োজনীয় আইন অনুযায়ী জেলা প্রশাসক মহোদয়ের নিকট হতে বরাদ্ধ গ্রহন পূর্বক স্থাপনা নির্মানের পরিকল্পনা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। পরিশেষে তিনি পৌরসভাকে বিভিন্ন আয় বর্ধক কাজে সম্পৃক্ত হওয়ার অনুরোধ করেন।

পরিশেষে উপস্থিত সকল কাউন্সিলরদের সার্বিক সহযোগিতা কামনা করে এবং সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রমজান আলী)
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ।
ফোন নম্বর ঃ ০২-৯৯৬৬১০৪০৩
manikganj_municipality@yahoo.com

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৩-১৩৮৫ তারিখ ঃ ২১/১১/২০২৩ খ্রি.

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ-</u>

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ
০৩। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মানিকগঞ্জ
০৪। জনাব.....................................................................কাউন্সিলর(সকল), মানিকগঞ্জ পৌরসভা
০৫। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা
০৬। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা
০৭। জনাব ..........................................পদবি....................শাখা....................মানিকগঞ্জ পৌরসভা
০৮। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সংশ্লিষ্ট কার্যবিবরণী পৌরসভার নিজস্ব ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য বলা হলো
০৯। সংশ্লিষ্ট নথি

মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।